

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-১ অধিশাখা

নং- ৫৯.০০.০০০০.১০৪.০২.০০২.২০১৭-৩৩২

তারিখঃ ৩০/০৮/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ ২০১৭-২০১৮ অর্থ বছরের বাজেটে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক পরিবার পরিকল্পনা ও জনসংখ্যা খাতে সেবা প্রদানকারী বিভিন্ন বেসরকারী সংস্থা/প্রতিষ্ঠানকে এককালীন অনুদান প্রদানের দরখাস্ত আহ্বান।

উপর্যুক্ত বিষয়ে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন বেসরকারী ও স্বৈচ্ছাসেবী সংস্থা/প্রতিষ্ঠানকে এককালীন অনুদান প্রদানের জন্য বিশেষ অনুদান খাত, ৫৯৬৫ কোডে বরাদ্দকৃত অর্থ বিতরণের নিমিত্ত বেসরকারী ও স্বৈচ্ছাসেবী সংস্থা/প্রতিষ্ঠান (এন.জি.ও) এর নিকট হতে সংশ্লিষ্ট উপ-পরিচালক (পরিবার পরিকল্পনা বিভাগ) এর মাধ্যমে আবেদন আহ্বান করা হচ্ছে। নিম্নোক্ত শর্ত মোতাবেক আগামী ২৮-০৯-২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে (প্রশাসন-১) অধিশাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বরাবরে আবেদন পৌঁছানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

শর্তাবলীঃ

- ১। আবেদনকারী সংস্থা/প্রতিষ্ঠানকে প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে অনুদানের জন্য আবেদন করতে হবে;
- ২। আবেদনকারী সংস্থা/প্রতিষ্ঠান এর এনজিও বিষয়ক ব্যুরো অথবা সমাজ কল্যাণ অধিদপ্তর অথবা মহিলা বিষয়ক অধিদপ্তর অথবা রেজিস্ট্রার জয়েন্ট স্টক কোম্পানীর নিবন্ধন থাকতে হবে;
- ৩। আবেদনকারী সংস্থা/প্রতিষ্ঠানের ৫ (পাঁচ) শতক নিজস্ব ভূমি এবং অবকাঠামো থাকলে উক্ত সংস্থা/প্রতিষ্ঠানকে অগ্রাধিকার দেয়া হবে (প্রমাণপত্র সংযুক্ত করতে হবে);
- ৪। আবেদনকারী সংস্থা/প্রতিষ্ঠানের যথাযথ কর্তৃপক্ষের অনুমোদিত গঠনতন্ত্র থাকতে হবে, গঠনতন্ত্র অনুযায়ী নিয়মিত সভার/ সর্বশেষ সভার কার্যবিবরণীর অনুলিপি সংযুক্ত করতে হবে;
- ৫। আবেদনকারী সংস্থা/প্রতিষ্ঠানের নিজস্ব আয়ের উৎস থাকতে হবে। উক্ত আয়ের স্বপক্ষে ব্যাংক হিসাব বিবরণী দাখিল করতে হবে;
- ৬। আবেদনকারী সংস্থা/প্রতিষ্ঠানের হিসাব কোন স্বীকৃত অডিট ফার্ম/সংস্থার মাধ্যমে, অডিট করাতে হবে, সর্বশেষ অডিট রিপোর্ট সংযুক্ত করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে) এবং উক্ত প্রতিবেদনে অন্যান্য উৎস হতে প্রাপ্ত অনুদানের বিবরণী অন্তর্ভুক্ত থাকতে হবে;
- ৭। আবেদনকারী সংস্থা/প্রতিষ্ঠানের গত ০১ (এক) বছরের পরিবার পরিকল্পনা ও জনসংখ্যা খাতে গৃহীত প্রকল্প/কর্মসূচী এবং ব্যয়ের সংক্ষিপ্ত বিবরণী সংযুক্ত করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে);
- ৮। প্রত্যন্ত এলাকায় (Hard to reach area) কার্যরত/সংস্থা প্রতিষ্ঠানসমূহকে অনুদান প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে;
- ৯। আবেদনকারী সংস্থা/প্রতিষ্ঠানসমূহকে সরকারের পরিবার পরিকল্পনা/জনসংখ্যা বিষয়ক নীতিমালার সাথে সামঞ্জস্যপূর্ণ কর্ম পরিকল্পনা দাখিল করতে হবে;
- ১০। প্রতিষ্ঠান পরিচালনা পরিষদের অনুমোদিত তালিকা সংযুক্ত করতে হবে;
- ১১। আবেদনকারী সংস্থা/প্রতিষ্ঠান বিনামূল্যে পরিবার পরিকল্পনা সেবা, জনসংখ্যা কার্যক্রম পরিচালনা সংক্রান্ত বিষয়ে উপ-পরিচালক (পরিবার পরিকল্পনা)- এর প্রত্যয়ন থাকতে হবে;

(অপর পাতা দ্রষ্টব্য)

- ১২। পরিবার পরিকল্পনা ও জনসংখ্যা বিষয়ক কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতি থাকতে হবে;
- ১৩। অনুদানের অর্থ ব্যয়ের ক্ষেত্রে সরকারী অর্থ ব্যবহার সংক্রান্ত আর্থিক বিধিবিধান ও নিয়মাচার যথাযথভাবে পালন করতে হবে;
- ১৪। বিনামূল্যে ও স্বল্পমূল্যে সেবা প্রদান করতে হবে;
- ১৫। স্বাস্থ্য শিক্ষা প্রতিষ্ঠান ব্যতিত অন্যান্য ক্ষেত্রে বিশেষতঃ স্বৈচ্ছাসেবী প্রতিষ্ঠান/এনজিওদের অনুদান প্রাপ্তির ক্ষেত্রে কর্ম এলাকায় কার্যক্রমের সময়কাল, সম্ভব্য উপকারভোগীদের সংখ্যা ইত্যাদি তথ্যাদি বিষয়ে আবেদনের সাথে সংযুক্ত করতে হবে;
- ১৬। অনুদানের অর্থ যথাযথভাবে ব্যবহার না করা হলে অনুদান প্রদান স্থগিত করা হবে;
- ১৭। কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন শর্ত পরিবর্তন, পরিবর্ধন এবং সংশোধন করার এখতিয়ার সংরক্ষণ করে।

২। নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র অনুদান প্রদানের ক্ষেত্রে গ্রহণযোগ্য হবে না।

(ডা. মোঃ সারোয়ার বারী)
উপ-সচিব
ফোন-৯৫১২২১২

উপ-পরিচালক (পরিবার পরিকল্পনা)
সকল জেলা,

যেসকল বেসরকারী প্রতিষ্ঠান তার এখতিয়ারাধীন এলাকায় পরিবার পরিকল্পনা সেবা ও জনসংখ্যা বিষয়ক কার্যক্রম পরিচালিত করে কেবলমাত্র সকল প্রতিষ্ঠানের আবেদন বিজ্ঞপ্তির আলোকে পর্যালোচনা পূর্বক অগ্রায়ন করবেন।

নং- ৫৯.০০.০০০০.১০৪.০২.০০২.২০১৭-৩৩২/১(৭৫)

তারিখঃ ৩০/০৮/২০১৭ খ্রিঃ

অনুলিপি (কার্যার্থে):

১। মহা-পরিচালক, পরিবার পরিকল্পনা, কাওরান বাজার, ঢাকা।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

- ১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। উপ-সচিব, (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
- ৫। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৬। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। যুগ্মসচিব সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(ডা. মোঃ সারোয়ার বারী)
উপ-সচিব